গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

এ.পি.এ. টিমের ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম,এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান |
| সভার তারিখ | ২৬ সেপ্টেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ মিনিট |
| স্থান | শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি A.P.A. ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। A.P.A. ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে A.P.A. টিমের আজ ২য় সভা। ২০২১-২০২২ অর্থবছরে A.P.A. এর অগ্রগতি এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের A.P.A. সংশোধনের লক্ষ্যে আজকের সভার আয়োজন করা হয়েছে। তিনি জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের A.P.A.'র ২.১ ও ৫.৩ কার্যক্রমে আংশিক সংশোধনের প্রয়োজন। তিনি বর্ণিত কার্যক্রম সংশোধনের যৌক্তিকতা সভায় উপস্থাপন করেন। তিনি আরো জানান যে, আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার মধ্যে (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (২) শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, (৩) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, (৪) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এবং (৫) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর তাদের A.P.A.'তে আংশিক সংশোধনের জন্য আবেদন করেছেন। তিনি সংশ্লিষ্ট অধিদপ্তর-দপ্তর-সংস্থার টিম প্রধানকে A.P.A. সংশোধনের বিষয়টি উপস্থাপনের অনুরোধ জানান। সংশ্লিষ্ট অধিদপ্তর-দপ্তর-সংস্থার টিম প্রধান A.P.A. সংশোধনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তরের A.P.A. সংশোধনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে পরামর্শ প্রদান করা হয়। পরবর্তীতে ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. শতভাগ বাস্তবায়নের জন্য প্রণয়নকৃত Monthly Activities Execution Calender সভায় উপস্থাপন করা হয়। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন যে, ২০২০-২০২১ অর্থবছর থেকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ Monthly Activities Execution Calender প্রণয়ন করে আসছে যা মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রশংসা পেয়েছে এবং উত্তমচর্চা হিসেবে গৃহিত হয়েছে। সভাপতি প্রতি মাসের প্রথমেই প্রণয়নকৃত Calender টি সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা/অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরনের নির্দেশনা প্রদান করেন। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন এ অর্থবছরে ৯টি দপ্তর-সংস্থা প্রথমবারের মতো A.P.A. চুক্তি স্বাক্ষর করেছে। A.P.A. বাস্তবায়নের জন্য তাদের দ্রুত প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। সভাপতি অক্টোবর'২০২১ মাসের মধ্যে আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থার জন্য প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা প্রদান করেন। ২০২১-২০২২ অর্থবছরের A.P.A. বাস্তবায়ন অগ্রগতি, সংশোধনী ও অন্যান্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**৩. সিদ্ধান্তসমূহ:**

| | |
|---|---|
| ৩.১ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের A.P.A. চুক্তি'র ২.১ ও ৫.৩ কার্যক্রমে আংশিক সংশোধনীর প্রস্তাব অনুমোদন করা হয় যা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে; |
| ৩.২ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের A.P.A. চুক্তি'র ১০% সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়; |
| ৩.৩ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের A.P.A. চুক্তি'র ১০% সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়; |
| ৩.৪ | বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ'র A.P.A. চুক্তি'র ১০% সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়; |
| ৩.৫ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর A.P.A. চুক্তি'র ১০% সংশোধনের প্রস্তাব অনুমোদন করা হয়; |
| ৩.৬ | আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থার জন্য অক্টোবর'২০২১ মাসের মধ্যে A.P.A. ও A.P.A.M.S. সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে; |
| ৩.৭ | Monthly Activities Execution Calender প্রতি মাসের প্রথমেই সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা/অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে। |

৫. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ হাসানুল ইসলাম,এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ.
টিম প্রধান

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২১.২৩৭

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮
২৭ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২) চেয়ারম্যান , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪) প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৭) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১০) উপসচিব , সংসদ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১১) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১২) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৩) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)